এরশাদের পর রওশনও গৃহপালিত বিরোধীদলীয় নেতা: ফখরুল

সংসদে এরশাদের পর রওশন এরশাদও গৃহপালিত বিরোধীদলীয় নেতার দায়িত্ব নিয়েছেন বলে মন্তব্য করেছেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

সোমবার সকালে শেরেবাংলা নগরে জাতীয়তাবাদী মহিলা দলের ৪১তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে দলের প্রতিষ্ঠাতা জিয়াউর রহমানের কবরে শ্রদ্ধা জানানোর অনুষ্ঠানে তিনি এ মন্তব্য করেন।

এরশাদকে ক্ষমতা দখল করার সুযোগ করে দিয়েছিলেন বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়া’—প্রধানমন্ত্রী শেখ হাসিনার এমন বক্তব্য অসত্য উল্লেখ করে বলেছেন, খালেদা জিয়া কোনোভাবেই জড়িত ছিলেন না।

তিনি অভিযোগ করেন, এরশাদকে সঙ্গে নিয়ে প্রধানমন্ত্রী গণতন্ত্রকে ধ্বংস করেছেন।

রোববার সংসদ অধিবেশনে সাবেক রাষ্ট্রপতি এইচ এম এরশাদের মৃত্যুতে আনা শোকপ্রস্তাবের আলোচনায় অংশ নিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আদালতের রায় অনুযায়ী সাবেক সেনা শাসক জিয়াউর রহমান এবং এইচ এম এরশাদের শাসনামল অবৈধ। এ দুজনের কাউকে রাষ্ট্রপতি হিসেবে উল্লেখ করা বৈধ নয়। এই রায়ের মধ্য দিয়ে দেশে গণতন্ত্রের ধারা অব্যাহত রাখার সুযোগ হয়েছে।

তিনি বলেন, ১৯৮২ সালে এরশাদকে ক্ষমতা দখল করার সুযোগ করে দিয়েছিলেন বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়া।

প্রধানমন্ত্রীর এ বক্তব্যের সমালোচনায় ফখরুল অভিযোগ করেন, সংসদে প্রধানমন্ত্রী প্রায়ই অসত্য কথা বলেন, যার কোনো ভিত্তি নেই।

বিএনপি মহাসচিব বলেন, প্রধানমন্ত্রী এরশাদকে সঙ্গে নিয়েই এ দেশের গণতন্ত্রকে ধ্বংস করেছেন এবং মানুষের অধিকার কেড়ে নিয়েছেন। কারণ, বরাবরই তিনি এরশাদকে সঙ্গে নিয়েই অ্যালায়েন্স করেছেন এবং তাদের সঙ্গে নিয়ে গণতন্ত্রকে হত্যা করে তাদেরই (জাতীয় পার্টি) বিরোধী

দলে বসিয়েছেন। যেটাকে আমরা বলি এরশাদ সম্পূর্ণভাবে আওয়ামী লীগের শেখ হাসিনার গৃহপালিত বিরোধীদলীয় নেতা ছিলেন এবং তার মৃত্যুর পরে এখন সেই দায়িত্ব নিয়েছেন রওশন এরশাদ।

ফখরুল বলেন, রাজনৈতিক প্রতিহিংসার কারণে তাকে কারাগারে আটক করে রেখেছে। তার কোনো চিকিৎসার ব্যবস্থা হচ্ছে না।

এসময় আরও উপস্থিত ছিলেন মহিলা দলের সভাপতি আফরোজা আব্বাস, সাধারণ সম্পাদক সুলতানা আহমেদ, যুগ্ম সম্পাদক হেলেন জেরিন খান প্রমুখ।